দৈঃ জনকণ্ঠ

তারিখ ... SEP. 27 2008 ...
পৃষ্ঠা ৪ কলাম ২

# যশোর শিক্ষা বোর্ডের সচিব ও পরিদর্শকের দুর্নীতির তদন্ত কাল থেকে শুরু

াফ রিপোর্টার, যশোর অফিস ॥ যশোর শিক্ষা বোর্ডের সচিব ান্দুল হক মোল্লা ও সহকারী বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন) আনসার ালীর বিরুদ্ধে দাখিলকৃত দুর্নীতির তদন্ত শুরু হচ্ছে আগামীকাল হস্পতিবার থেকে। এ ছাড়া শিক্ষা বোর্ডের সাবেক চেয়ারম্যান বিএম সাত্তারের বিরুদ্ধে লাখ লাখ টাকার দুর্নীতির অভিযোগ পাওয়া াছে। এ নিয়ে শিক্ষা বোর্ডে চলছে নানা আলোচনা।

ানা গেছে, শিক্ষা বোর্ডের সচিব আব্দুল হক মোল্লা এবং সহকারী াদ্যালয় পরিদর্শক (নিবন্ধন) আনসার আলীর বিরুদ্ধে তদন্ত শুরু হচ্ছে হস্পতিবার থেকে। তদন্ত করবেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও ন্নয়ন) হাওলাদার জাকির হোসেন। সহকারী বিদ্যালয় পরিদর্শক ানসার আলীর বিরুদ্ধে শিক্ষা মন্ত্রণালয়ে অভিযোগ করা হয়, তিনি ভারন শেখ আকিজ উদ্দিন কলিজিয়েট স্কুলের ৮ ছাত্রছাত্রীর য়মবর্হিভূতভাবে বিষয় সংযোজন করেন। মন্ত্রণালয় শিক্ষা বোর্ডের চয়ারম্যানকে এ ব্যাপারে তদন্ত করতে বলেন। চেয়ারম্যান হাফিজুর হমান ব্যবস্থা নিতে এই সংক্রান্ত ফাইলটি পাঠান বোর্ডের সচিব আব্দুল ক মোল্লার কাছে। কিন্তু সহকারী বিদ্যালয় পরিদর্শক আনসার আলীর নিষ্ঠ বলে পরিচিত আব্দুল হক মোল্লা ওই ফাইলটি চেপে রাখেন। আব্দুল হক মোল্লা তদবিরের জোরে এক যুগের বেশি সময় ধরে যশোর শিক্ষা বোর্ডে প্রেষণে রয়েছেন। এই সময় তিনি বোর্ডের মহাদুর্নীতিবা আনসার আলীর সঙ্গে সখ্য গড়ে তোলেন। এর আগে আনসার আলী বিরুদ্ধে একটি তদন্ত কমিটি গঠন করা হয়। কিন্তু অভিযোগ, ওই কর্মি অর্থের বিনিময়ে রিপোর্ট তৈরি করছে আনসারের পক্ষে। আনসারে বিরুদ্ধে দুর্নীতির যত অভিযোগ ছিল, তার কাগজপত্র শিক্ষা বোর্ড থে চেয়ারম্যানের সহযোগিতায় সরিয়ে ফেলার অভিযোগও রয়েছে। এক সূত্র জানায়, শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদনসাপেক্ষে যশোর শিক্ষা বোর্ডে অর্থায়নে বোর্ডের স্টাফ কোয়ার্টারের জন্য বরাদ্দকৃত জমিতে এক বিশেষ ধরনের কলেজিয়েট স্কুল নির্মাণ করা হচ্ছে। নিয়ম অনুযায়ী এ স্কু নির্মাণ কাজের প্রকল্প পরিচালক হবে বোর্ডের চেয়ারম্যান। কিন্তু সচি আব্দুল হক মোল্লা ভারপ্রাপ্ত চেয়ারম্যান থাকাকালীন অন্য দুর্নীতিবাজদে যোগসাজশে চেয়ারম্যানের পরিবর্তে সচিব যাতে প্রকল্প পরিচাল হতে পারেন তার ব্যবস্থা করে রাখেন। এখন স্কুল নির্মাণ প্রকল্প থে তিনি লাখ লাখ টাকা হাতিয়ে নিচ্ছেন। এই ঘটনা তদন্ত করতে শি মন্ত্রণালয় নির্দেশ দিয়েছে। এ ছাড়া যশোর শিক্ষা বোর্ডের সাবে চেয়ারম্যান এবিএম সাত্তারের দুর্নীতির ঘটনা ধরা পড়েছে। সম্প্র শিক্ষা মন্ত্রণালয়ের একটি কমিটি তদন্তে এসে তাঁর দুর্নীতির ঘট উদঘাটন করে।